শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ
বাগেরহাট।
www.zpbagerhat.gov.bd

১৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ।

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.১১.০৭.২৩-১২৭ তারিখঃ ২৯ মে ২০২৩ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ( জেলা পরিষদ শাখা) ০৯/০৫/২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১০.১৯-৬৮১ নং স্মারকে সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক (কম্পিউটার অপারেটর ) এর শূন্যপদে ০১(এক) জন লোক নিয়োগের ছাড়পত্র অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জেলা পরিষদ চাকুরী বিধিমালা ১৯৯০ এর বিধি মোতাবেক ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড ( জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক (কম্পিউটার অপারেটর) ( গ্রেড- ১৬) বেতন স্কেল ( ৯,৩০০-২২,৪৯০) | ০১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে । |

**আবেদনের শর্তাবলী ঃ**

০১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে । উক্ত আবেদন ফরম এ কার্যালয়ে এবং জেলা পরিষদ, বাগেরহাট এর ওয়েবসাইট www.zpbagerhat.gov.bd –এ পাওয়া যাবে ।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৩। প্রার্থীকে চাকরীর নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে । **স্ব-হস্ত ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না ।**

০৪। সরকার কর্তৃক চাকরীর নির্ধারিত আবেদন ফরমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাটকে সম্বোধন করে আগামী ০৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে জেলা পরিষদ, বাগেরহাট এর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে । সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না । খামের উপর মোটা অক্ষরে পদের নাম, নিজ জেলার নাম, নিজের নাম ঠিকানা উল্লেখ করতে হবে ।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে ।

০৬। প্রার্থীর বয়সসীমা ০৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে । তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক). প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম,পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে ;

(খ). সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল ( যদি থাকে) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত ;

(গ). প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র ;

(ঘ). স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি ;

(ঙ). প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হতে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে ।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তি বার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ |

(চ). প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর নামে পরীক্ষার ফি বাবদ ২০০/-( দুই শত) টাকার ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ছ). পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১(এক)টি ১০ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ।

(চলমান পাতা নং-০২)

০৮। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

০৯। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে ।

১০। সরকারী নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে । এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে । অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে ।

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগব্যবস্থা গ্রহণ করা হবে ।

১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদ,জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ,শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে ) প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে ।

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে । আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না ।

(ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা, (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ,বাগেরহাট।
ফোন নং- ০২৪৭৭-৭৫২৪৮৮
Email: zpbagerhat@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.১১.০৭.২৩- ১২৭ (১০০) তারিখ: ২৯ মে ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। বিভাগীয় কমিশনার,খুলনা বিভাগ,খুলনা
৩। পরিচালক, স্থানীয় সরকার,খুলনা বিভাগ,খুলনা।
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ,বাগেরহাট
৫। চেয়ারম্যান, জেলা পরিষদ,..........................................................( সকল)।
৬। জেলা প্রশাসক, বাগেরহাট।
৭। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ .......................................... ( সকল)।
৯। উপপরিচালক,স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
১০। পুলিশ সুপার, বাগেরহাট।
১১। সিভিল সার্জন, বাগেরহাট।
১২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/ বিদ্যুৎ উন্নয়ন বোড, বাগেরহাট।

**অনুলিপি অবগতি এবং প্রচারার্থে প্রেরিত হলোঃ**

১৩। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাগেরহাট সদর/কচুয়া/মোরেলগঞ্জ/শরণখোলা/রামপাল/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী/ মোংলা, বাগেরহাট।
১৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ কচুয়া/ মোরেলগঞ্জ /শরণখোলা /রামপাল/ ফকিরহাট/ মোল্লাহাট/ চিতলমারী/মোংলা, বাগেরহাট।
১৫। জেলা হিসাব রক্ষন অফিসার,বাগেরহাট।
১৬। সহকারী কমিশনার(ভূমি),.................................., বাগেরহাট (সকল)।
১৭। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ,বাগেরহাট।
১৮। অফিসার ইনচার্জ, ..........................................................বাগেরহাট (সকল)।
১৯। সম্পাদক, The Daily Tribune, ঢাকা / সম্পাদক, দৈনিক যায় যায় দিন, ঢাকা, সম্পাদক, দৈনিক পূর্বাঞ্চল, খুলনা। বিজ্ঞপ্তিটি ৬"×৩" কলামে সরকারী ছুটির দিন ব্যতিরেকে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা গেল ।
২০। হিসাব রক্ষক, জেলা পরিষদ,বাগেরহাট।
২১। অফিস কপি/নোটিশ বোর্ড ।

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ,বাগেরহাট।